# বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)
## BANGLADESH MEDICAL ASSOCIATION (BMA)

সভাপতি
ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব
ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী


স্মারক নংঃ বিএমএ/২০২০/ তারিখঃ ২১-০৬-২০২০ খ্রিঃ

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন ও মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী নিম্নোক্ত বিবৃতি প্রদান করেনঃ

"বিএমএ আজীবন সদস্য ও বাগেরহাট ম্যাটস এর অধ্যক্ষ ডা. মোঃ আব্দুর রকিব খাঁন হত্যাকান্ডের প্রতিবাদে ও হত্যাকারীদের দ্রুতবিচার আদালতে বিচারের দাবীতে একযোগে দেশের সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকদের কালোব্যাজ ধারণ এবং অদ্য ২১ জুন ২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০টার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের সামনে ২ মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন ও দোয়া অনুষ্ঠান কর্মসুচি স্বতস্ফুর্তভাবে পালন করায় অংশগ্রহনকারী সকল চিকিৎসককে বিএমএ'র পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছে। ডা. মোঃ আব্দুর রকিব খাঁন হত্যাকান্ডের প্রতিবাদ ও শোক প্রকাশের জন্য পূর্ব নির্ধারিত কর্মসূচি অনুযায়ী আগামী ২৩ জুন ২০২০ মঙ্গলবার পর্যন্ত একযোগে দেশের সকল স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে কর্মরত চিকিৎসকগণ কালোব্যাজ ধারণ করবেন।

ডা. মোঃ আব্দুর রকিব খাঁন হত্যা মামলার এজাহারভুক্ত সকল আসামীকে গ্রেফতার ও খুলনা সদর থানার বিতর্কিত ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রত্যাহার করায় দেশের সকল চিকিৎসকের পক্ষ থেকে বিএমএ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে।

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন দেশের চিকিৎসকদের পেশাগত যে কোন সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা পালন করবে ।"

---

বরাবর
বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক
-------------------------------

জনাব,
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা। আপনার বহুল প্রচারিত/ সম্প্রচারিত দৈনিক পত্রিকা/ টেলিভিশনে প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশের অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

ডা. মোহাঃ শেখ শহীদ উল্লাহ
দপ্তর সম্পাদক
বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন